

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৩৫১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্ষমা ও তাওবাহ

আরবী

وَعَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَرَأً (هُوَ أَهْلُ التَّقْوَى وَأَهْلُ الْمَغْفِرَة) قَالَ:

قَالَ رَبُّكُمْ أَنَا أَهْلٌ أَنْ أُتَّقَى فَمَنِ اتَّقَانِي فَأَنَا أَهْلٌ أَنْ أَغْفِرَ لَهُ . رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه والدارمي

বাংলা

২৩৫১-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, একদিন তিনি (আল্লাহ তা'আলার) এ আয়াত পড়লেন, 'হুওয়া আহলুত তাকওয়া- ওয়া আহলুল মাগফিরহ্'' (অর্থাৎ- আল্লাহ হলেন ভয়ের অধিকারী ও মাগফিরাত করার মালিক)। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, তোমাদের রব বলেন, আমি লোকের ভয় করার অধিকারী। তাই যে আমাকে ভয় করল, আমি তাকে মাফ করারও অধিকারী। (তিরমিয়ী, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ৩২২৮, ইবনু মাজাহ ৪২৯৯, আহমাদ ১২৪৪২, দারিমী ২৭৬৬, য'ঈফ আল জামি' ৪০৬১। কারণ এর সানাদে সুহায়ল ইবনু আবী হাযম একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

व्याখा: هُوَ أَهْلُ التَّقُوٰى অর্থাৎ- তার অবাধ্য হওয়া বর্জন এবং তার আনুগত্যের মাধ্যমে আল্লাহভীরুগণ তাকে ভয় করার ক্ষেত্রে তিনিই একমাত্র যোগ্য। وَأَهْلُ الْمَغْفِرَةِ অর্থাৎ- যে সকল গুনাহ মু'মিনদের থেকে ঘটেছে সে ব্যাপারে মু'মিনদেরকে ক্ষমাকরণে তিনিই একমাত্র যোগ্য এবং অবাধ্য তাওবাহকারীদের তাওবাহ্ গ্রহণেরও যোগ্য, আর তাদেরকে ক্ষমা করার যোগ্য একমাত্র তিনিই। এটি শাওকানীর উক্তি। আর ইমাম বায়্যাবী বলেন, هُوَ أَهْلُ النَّعْفِرَةِ वान्দাদেরকে বিশেষ করে বান্দাদের থেকে



যারা আল্লাহভীরু তাদেরকে ক্ষমা করণে তিনিই একমাত্র যোগ্য। কাতাদাহ্ বলেন, তাকে ভয় করার মতো আর যে তার কাছে তাওবাহ করে এবং প্রত্যাবর্তন করে তিনি তাকে ক্ষমা করার যোগ্য।

(فلا يجعل معى إلها أخر) আহমাদ, ইবনু মাজাহ (فلا يجعل معى إلها أخر) এ অংশটুকু বৃদ্ধি করেছেন। ইবনু মাজাহ অপর বর্ণনাতে আছে, (أن اتبى فلا يشرك بى غيرى)

فمن اتقى) অর্থাৎ- যে আমাকে ভয় করে চলবে তাকে। আহমাদ এবং ইবনু মাজাতে আছে, (فَأَنَا أَهْلُ أَنْ أَغْفِرَ لَه) ত্বনু মাজার অপর বর্ণনাতে আছে, (ان يجعل معى إلها أخر فأنا أهل أغفر له وانا أهل لمن اتقى أن يشرك بي ويغفر ما دون ذلك لمن يشاء) আর এটি আল্লাহর (أن أغفر له مجروه ا

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন